লজ্জা ঈমানের অঙ্গ

আব্দুল্লাহ ইবনু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: এক ব্যক্তি তার ভাইকে লজ্জার ব্যাপারে উপদেশ দিচ্ছিলেন শুনতে পেয়ে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: “লজ্জা ঈমানের অঙ্গ।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম শুনলেন, এক লোক তার ভাইকে বেশি লজ্জা পরিহার করতে উপদেশ দিচ্ছিল। তখন তিনি বললেন, লজ্জা ঈমানের অঙ্গ। লজ্জাশীলতা শুধু কল্যাণই বয়ে আনে। লজ্জাশীলতা একটি সুন্দর চরিত্র যা ভালো কাজ করতে এবং খারাপ কাজ বর্জন করতে উৎসাহিত করে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5478